**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ০৫ মার্চ, ২০২০ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ এ,টি,এম, কামরুল ইসলাম তাং
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

স্থানঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর অফিস কক্ষ

তারিখঃ ০৫ মার্চ, ২০২০ খ্রিঃ

সময়ঃ দুপুর ১২:০০ টা

উপস্থিতিঃ পরিশিষ্ট “ক” সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে উপপরিচালক (পরিকল্পনা) আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.১ | কর্পোরেট সিমের কলরেট ও অন্যান্য সুবিধা | কর্পোরেট সিমের কলরেট ও অন্যান্য সুবিধা এবং হারিয়ে যাওয়া সিমের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে আলোচনার জন্য সভাপতির সাথে আলোচনাক্রমে পূণরায় একটি তারিখ নির্ধারণ করে কর্পোরেট সীমের অপারেটর গ্রামীণ ফোনের সংশ্লিষ্ট কর্মকর্তাকে অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তরে আসার জন্য পত্র দিতে উপপরিচালক (প্রশমন)কে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। কলরেট কমানো ও হারানো সিমের বিষয়ে আলোচনার জন্য সভাপতির সাথে আলোচনাক্রমে অন্য একটি তারিখ নির্ধারণ করে কর্পোরেট সীমের অপারেটর গ্রামীণ ফোনের সংশ্লিষ্ট কর্মকর্তাকে অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তরে আসার জন্য উপপরিচালক (প্রশমন) জরুরি ভিত্তিতে পত্র দিবেন। | উপপরিচালক (প্রশমন) |
| ২.২ | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম (GRS) | এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত GRS System কার্যকর করণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। উপপরিচালক (প্রশিক্ষণ) জানান এ বিষয়ে প্রশিক্ষণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে; এ মাসের মধ্যে প্রশিক্ষণটি সমাপ্ত করা সম্ভব করা হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (প্রশিক্ষণ) এ মাসের মধ্যে প্রশিক্ষণটি সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ২.৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ভবনের প্রবেশপথে ডিজিটাল ডিসপ্লে ও ডিজিটাল গেইট নির্মাণ | দুর্যোগ ব্যবস্থাপনা ভবনের প্রবেশপথে ডিজিটাল ডিসপ্লে ও ডিজিটাল গেইট নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)(মূওপ) জানান, আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর আওতাধীনে পরামর্শক প্রতিষ্ঠান DDC কর্তৃক NDMRTI এর কাজ চলমান রয়েছে; কিন্তু উক্ত প্রতিষ্ঠানের BOQতে ডিজিটাল গেইট ও বাউন্ডারী ওয়ালের বিষয়টি অন্তর্ভূক্ত নেই। সভাপতি এ পর্যায়ে বিষয়টি সম্পর্কে এ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালকের মতামত জানতে চাইলে তিনি বলেন, NDMRTI এর কাজ সম্পন্ন করার পর এ প্রকল্পের আওতায় ডিজিটাল গেইট ও বাউন্ডারি ওয়াল নির্মাণ করা যাবে। সভাপতি,আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ) এর উপ-প্রকল্প পরিচালক, | উপপরিচালক (প্রশাসন-২),উপ-প্রকল্প পরিচালক আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ), নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) (মূওপ) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | উপপরিচালক (প্রশাসন-২) এবং নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)(মূওপ)কে এ প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলাপ করে দুর্যোগ ব্যবস্থাপনা ভবনের প্রবেশপথে ডিজিটাল ডিসপ্লেসহ একটি দৃষ্টিনন্দন গেইট এবং গেইটের সাথে মানানসই বাউন্ডারি ওয়াল নির্মাণ "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের তহবিল হতে বাস্তবায়ন করার বিষয়ে সর্বশেষ অগ্রগতি আগামী সভায় অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। সভাপতি,আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ) এর উপ-প্রকল্প পরিচালক, উপপরিচালক (প্রশাসন-২) এবং নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)(মূওপ)কে এ প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলাপ করে দুর্যোগ ব্যবস্থাপনা ভবনের প্রবেশপথে ডিজিটাল ডিসপ্লেসহ একটি দৃষ্টিনন্দন গেইট এবং গেইটের সাথে মানানসই বাউন্ডারি ওয়াল নির্মাণ "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের তহবিল হতে বাস্তবায়ন করার বিষয়ে সর্বশেষ অগ্রগতি আগামী সভায় অবহিত করবেন। | ও<br>জনাব মোঃ নুরুল হুদা, সহকারী প্রকৌশলী (কাবিখা) |
| ২.৪ | বিবিধঃ<br>(ক) প্রণোদনা | উপপরিচালক (পরিকল্পনা) বলেন যে, জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকের জন্য শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারীর নাম ৭(সাত) অনুবিভাগ থেকে পাওয়া গিয়েছে। প্রশিক্ষণ ও গবেষণা অনুবিভাগ থেকে মনোনয়নযোগ্য কোন নাম নেই বলে জানানো হয়েছে। সভাপতি, প্রাপ্ত নামগুলোর খসড়া ত্যলিকা চেকলিস্টসহ আগামী সভায় উপস্থাপনের জন্য উপপরিচালক (পরিকল্পনা)কে নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (পরিকল্পনা) প্রাপ্ত নামগুলোর খসড়া তালিকা চেকলিস্টসহ আগামী সভায় উপস্থাপন করবেন। | উপপরিচালক (পরিকল্পনা) |
| | খ) ডকুমেন্টেশন কমিটি | উপপরিচালক (এমআইএম) জানান, এ বিষয়ে ডিএফপি হতে বাজেট পাওয়া গিয়েছে; ৫(পাঁচ) মিনিটের ডকুমেন্টারির জন্য ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার)টাকা এবং ১০(দশ) মিনিটের ডকুমেন্টারির জন্য ৫০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রয়োজন হবে। সভাপতি এ বিষয়ে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে বিষয়টি মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করে এ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (এমআইএম) এ বিষয়ে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে বিষয়টি মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করে এ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপন করবেন। | উপপরিচালক (এমআইএম) |
| | গ) দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজনের বিষয়ে আলোচনা হয়। উপপরিচালক (ত্রাণ-১)এর সহায়তায় উপপরিচালক (প্রশমন) আগামী ২০/০৩/২০২০ তারিখে পূর্বেই বিধিমালা মোতাবেক জরুরিভত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা ভবনে দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজন করে সভাকে অবহিত করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (ত্রাণ-১)এর সহায়তায় উপপরিচালক (প্রশমন) আগামী ২০/০৩/২০২০ তারিখে পূর্বেই বিধিমালা মোতাবেক জরুরিভত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা ভবনে দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজন করে সভাকে অবহিত করবেন। | উপপরিচালক (ত্রাণ-১) ও উপপরিচালক (প্রশমন) |
| | ঘ) বার্ষিক ইনোভেশন | উপপরিচালক (পরিকল্পনা) জানান, বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা গত ০৪-০৭-২০১৯ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত ইনোভেশন কর্মপরিকল্পনায় ৫(পাঁচ)টি উদ্ভাবনী | উপপরিচালক (এমআইএম), |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | কর্মপরিকল্পনা প্রণয়ন | কর্মপরিকল্পনার কথা উল্লেখ করা হয়েছে; যা নিম্নরূপ:<br>১। SMS Based Information for Social Safety net Programme;<br>২।Mobile Apps for Shelter Management Information System (GIS-based)<br>৩। Mobile Apps for Documentation on Different Disaster<br>৪। Grievance Redress System(GRS)<br>৫। IT Based Operationalization of the Help Desk<br>এ বিষয়ে SMoDMRPA প্রকল্পের ডাটাবেস ম্যানেজমেন্ট স্পেশালিস্ট বলেন, SMoDMRPA প্রকল্প হতে Social Safety net Programme এর আওতায় হওয়ার উপকারভোগীদের একটি MIS Development এর কার্যক্রম হাতে নেয়া হয়েছে যা বাস্তবায়িত হলে ১নং পরিকল্পনার উদ্দেশ্য বাস্তবায়ন হয়ে যাবে। সভাপতি আগামী সভায় এ বিষয়ে হালনাগাদ তথ্য প্রদানের জন্য SMoDMRPA প্রকল্পের ডাটাবেস ম্যানেজমেন্ট স্পেশালিস্টকে অনুরোধ করেন। ২নং পরিকল্পনাটির বিষয়ে উপপরিচালক, জনাব নিতাই দে সরকার বলেন, WFP হতে একটি Software প্রস্তুত করা হচ্ছে যাতে সাইক্লোন শেল্টার ম্যানেজম্যান্টের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি এ বিষয়টি অধিদপ্তরে বাস্তবায়নের জন্য একটি সম্ভাব্য বাজেট প্রস্তুত করে এ বিষয়ে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে তা মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করে আগামী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। ৩নং পরিকল্পনাটির পরিবর্তে প্রোগ্রামার কর্তৃক কম অর্থসংশ্লেষ আছে এরূপ পরিকল্পনা Disaster Dictionary বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এ পরিকল্পনাটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে তা মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করে আগামী সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ৪নং পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়েছে বিধায় অধিদপ্তরের বাস্তবায়নের প্রয়োজন নেই এবং ৫নং পরিকল্পনার বিষয়ে উপপরিচালক (এমআইএম), প্রোগ্রামার ও জরুরী সাড়াদান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বাজেট প্রস্তুত করে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে তা মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করে আগামী সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। ১নং পরিকল্পনার বিষয়ে SMoDMRPA প্রকল্পের ডাটাবেস ম্যানেজমেন্ট স্পেশালিষ্ট পরবর্তী সভায় হালনাগাদ তথ্য উপস্থাপন করবেন। ২ নং পরিকল্পনার বিষয়ে উপপরিচালক জনাব নিতাই দে সরকার, ৩নং পরিকল্পনার বিষয়ে প্রোগ্রামার বাজেট প্রস্তুত করে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে তা মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করে আগামী সভায় অবহিত করবেন।<br>৪নং পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়েছে বিধায় অধিদপ্তরের বাস্তবায়নের প্রয়োজন নেই। ৫ নং পরিকল্পনার বিষয়ে উপপরিচালক (এমআইএম), প্রোগ্রামার ও জরুরী সাড়াদান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বাজেট প্রস্তুত করে বাজেট শাখার সাথে যোগাযোগ রেখে তা মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করে আগামী সভায় অবহিত করবেন। । | প্রোগ্রামার, উপপরিচালক (এম আই এম) জনাব নিতাই দে সরকার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা , জরুরী সাড়াদান কেন্দ্র। |
| | ৬) ভিডিও কনফারেন্স | সভাপতি বলেন, মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ে কর্মরত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের ভিডিও কনফারেন্স এর আয়োজন করা যেতে পারে। মাসিক পরিকল্পনা হিসেবে প্রতি মাসে ০১টি করে সভা করা যায় বলে তিনি মত প্রকাশ করেন। মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে আগামী সভার পূর্বেই একটি জেলায় | উপপরিচালক (প্রশাসন-১) ও উপপরিচালক (প্রশাসন-২) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | ভিডিও কনফারেন্সিং এর ব্যবস্থা করার জন্য তিনি উপপরিচালক (প্রশাসন-১) ও উপপরিচালক (প্রশাসন-২)কে দায়িত্ব প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে উপপরিচালক (প্রশাসন-১) ও উপপরিচালক (প্রশাসন-২) আগামী সভার পূর্বেই একটি জেলায় ভিডিও কনফারেন্সিং এর ব্যবস্থা করে তা সভাকে অবহিত করবেন। | |
| | চ) ইনোভেশন এর উপর রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ আয়োজন | ইনোভেশন এর উপর রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। উপপরিচালক (প্রশিক্ষণ) জানান এ বিষয়ে প্রশিক্ষণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে; এ মাসের মধ্যে প্রশিক্ষণটি সমাপ্ত করা সম্ভব হবে ।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (প্রশিক্ষণ) এ মাসের মধ্যে প্রশিক্ষণটি সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/৩/২০২০

(এ,টি,এম, কামরুল ইসলাম তাং)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

স্মারক নং-৫১.০১.০০০০.০৩১.০৬.০০১.১৯ - ৭১  তারিখঃ ১৭ মার্চ, ২০২০ খ্রিঃ

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ ও গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন/এম আই এম/ত্রাণ/মূল্যায়ন ও পরিবীক্ষণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)/ SMoDMRPA প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
৩। উপসচিব (আইন) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট ও হিসাব/পরিকল্পনা/প্রশিক্ষণ/গবেষণা/প্রশমন/এমআইএম/ মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (মূওপ),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (প্রশাসন/যানবাহন/জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা,জরুরি সাড়াদান কেন্দ্র, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। মোঃ নুরুল হুদা,সহকারি প্রকৌশলী (কাবিখা),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব নুরুন নাহার, উচ্চমান সহকারী, মূ ও প-৩ শাখা,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। জনাব সুমন কর, ডাটাবেস ম্যানেজমেন্ট স্পেশালিষ্ট, SMoDMRPA প্রকল্প, ভেঞ্চার টাওয়ার, মহাখালী, ঢাকা।
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস নথি।

১৭/৩/২০২০

(মোহাম্মদ হারুন অর রশীদ)
উপপরিচালক (পরিকল্পনা)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোন: ৯২৫৯৬৩১
r.harun1986@gmail.com